## Spoon-billed Sandpiper in Bangladesh

Bangladesh is one of the most important non-breeding grounds for Spoon-billed Sandpipers with highest single count of 209 in 1989 from the south-central coast of Bangladesh. However, to date Sonadia Island of Cox's Bazar, Nijhum Dwip National Park, Ganguirar Char and few other small patches of coastal sites support this bird in Bangladesh. Up to 45 individuals was recorded at Ganguirar Char in 2016, and possibly around 50-70 birds winter in the coastal areas. In Bangladesh hunting was major threat to the species on Sonadia Island. Loss of intertidal mudflats due to large-scale coastal development especially along the coast of Cox's Bazar are threatening its existence. Moreover, conversion of intertidal mudflats into salt and shrimp culture and agricultural encroachment key threats.

## বাংলাদেশে চামচ-ঠুঁটো বাটান

বাংলাদেশ এই পাখিটির অন্যতম গুরুত্বপূর্ণ অপ্রজনন ভূমিগুলোর একটি। ১৯৮৯ সালে দেশের দক্ষিণ উপকূল থেকে সবচেয়ে বেশি, ২০৯ টি চামচ-ঠুঁটো বাটান রেকর্ড করা হয়েছিল। বর্তমানে কক্সবাজারের সোনাদিয়া দ্বীপ, নিঝুম দ্বীপ, গাঙ্গুইরার চর এবং উপকূলের অন্যান্য ছোট চরসমূহে চামচ-ঠুঁটো বাটান পাওয়া যায়। ২০১৬ সালে গাঙ্গুইরার চরে সর্বাধিক ৪৫ টি পর্যন্ত চামচ-ঠুঁটো বাটান রেকর্ড করা হয় এবং সম্ভবত ৫০-৭০ টি পাখি শীতে বাংলাদেশের উপকূলে আসে। বাংলাদেশে, বিশেষ করে সোনাদিয়া দ্বীপে শিকার ছিল এই পাখিটির জন্য প্রধান হুমকিস্বরুপ। উপকূলে বিশেষ করে ক্সবাজারের উপকূলে বৃহৎ উন্নয়নমূলক কর্মকাণ্ডের জন্য আবাস্থল ধ্বংস এই পাখির অস্তিত্বের জন্য হুমকি হয়ে উঠছে। তাছাড়া লবণ ও চিংড়ি চাষের জন্য জোয়ার-ভাটার কাদা চরগুলোর পরিবর্তন করা এবং কৃষি কাজের জন্য দখল করে ফেলাও এই পাখির জন্য প্রধান হুমকিস্বরুপ।

## Why they are becoming extinct?

Unfortunately, the Spoon-billed Sandpiper is nearing extinction faster than other bird species on our planet, with population left just around 300-700 individuals of all ages. During its long journey from Russia and at the wintering countries, it faces many problems including loss of important stop-over sites to land reclamation (like the Saemangeum of South Korea where they refuel and rest), illegal hunting, coastal development, aquaculture, pollution, habitat loss to invasive grass and climate change.

## কেন তারা বিলুপ্ত হয়ে যাচ্ছে?

দুর্ভাগ্যবশত এই পাখিটি পৃথিবীর অন্যান্য পাখির চেয়ে অনেক দ্রুতগতিতে বিলুপ্তির দিকে এগিয়ে যাচ্ছে। বর্তমানে মোটে ৩০০-৭০০ পাখি আছে। রাশিয়া হতে শীতকালীন আবাসে আসার দীর্ঘযাত্রায় এরা নানান বিপদের সম্মুখীন হয়। যাত্রাপথে ভূমি দখল/জলাভুমি উদ্ধার/সাগর ভরাট (যেমন দক্ষিণ কোরিয়ার সেমানগুম, যেখানে এরা যাত্রা বিরতি করে ও খাবার খেয়ে শক্তি সঞ্চয় করে, অবৈধ শিকার,উপকূলে উন্নয়নমূলক কর্মকাণ্ড, মাৎস্য চাষ, দূষণ, আবাসস্থল ধ্বংস, অনুপ্রবেশকারী প্রজাতি এবং জলবায়ু পরিবর্তন অন্তর্ভুক্ত।

## Conservation work in Bangladesh

In 2009, Bangladesh Spoon-billed Sandpiper Conservation Project (BSCP) was formed. Since then, the project pioneered many interventions to halt the population decline. First, we identified key sites and threats in Bangladesh. To mitigate shorebird hunting on Sonadia Island, we worked with local hunters in 2011 and signed agreements with them to quit shorebird hunting and protect them instead, in exchange of alternative livelihood support. Large-scale awareness campaigns were carried out in 2012–14 including the locally popular boat race. The project continued to work with the Forest Department and established a temporary bird observatory on Sonadia Island in 2017. BSCP discovered Ganguirar Char in 2015 that held 45 SBS, which was declared as a Flyway Network Site in 2018. In addition to these, BSCP conducts regular monitoring at key sites, carried out expeditions to find new sites, contributes to global knowledge by reporting flagged birds and by publishing scientific papers.

## বাংলাদেশে সংরক্ষণ কার্যক্রম

এই পাখিকে রক্ষার জন্য ২০০৯ সালে বাংলাদেশে চামচ-ঠুঁটো বাটান সংরক্ষণ প্রকল্প গঠিত হয় এবং তখন থেকেই প্রকল্পটি এদের সংখ্যা হ্রাস ঠেকাতে অগ্রগ্রামীর ভূমিকা পালন করছে। পাখিটিকে সংরক্ষণে প্রথমে আমরা তার গুরুত্বপূর্ণ এলাকা ও হুমকি চিহ্নিত করি। আমরা ২০১১ সালে স্থানীয় শিকারীদের নিয়ে কাজ করেছি এবং তাদেরকে বিকল্প জীবিকার বিনিময়ে পাখি শিকার ছেড়ে রক্ষা করার জন্য তাদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করেছি। ২০১২-১৪ সালে ব্যপকভাবে গণ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল যার মধ্যে ছিল স্থানীয়ভাবে জনপ্রিয় নৌকা বাইচ প্রতিযোগিতা। প্রকল্পটি বন বিভাগের সহযোগিতায় ২০১৭ সালে সোনাদিয়া দ্বীপে একটি অস্থায়ী পাখি পর্যবেক্ষণ কেন্দ্র নির্মাণ করে। ২০১৫ সালে গাঙ্গুইরার চর আবিস্কার করে। যেখানে সর্বাধিক ৪৫ টি পর্যন্ত চামচ-ঠুঁটো বাটান রেকর্ড করা হয়। ২০১৮ সালে এই এলাকাটি ফ্লাইওয়ে নেটওয়ার্ক সাইট হিসেবে ঘোষণা করা হয়। এছাড়া এই প্রকল্প গুরুত্বপূর্ণ এলাকায় নিয়মিত জরিপ করা, নতুন এলাকা আবিস্কার করার জন্য অভিযান পরিচালনা করা, বিশেষভাবে চিহ্নিত পাখি খুঁজে বের করা এবং বৈজ্ঞানিক গবেষণাপত্র প্রকাশের মাধ্যমে পৃথিবীর জ্ঞানভাণ্ডারে অবদান রাখছে।



বাংলাদেশের সৈকত পাখি ,আমরা সবাই নিরাপদে রাখি

Concept and Design : Sayam U. Chowdhury, Reza Noor Muin, Mohammad Foysal



# Save The Spoon-billed Sandpiper
# মহা বিপন্ন বাটান বাঁচান

Spoon-billed Sandpiper CONSERVATION PROJECT BANGLADESH


## What is Spoon-billed Sandpiper?

The Spoon-billed Sandpiper *(Calidris pygmaea)* is one of the world's rarest birds and endemic to the East Asian - Australasian Flyway (EAAF). It was up listed to Critically Endangered on the IUCN Red List in 2008 and still considered globally Critically Endangered. This shorebird is almost the same size as sparrow, about: 14-16 cm in length, born with a unique spoon shaped bill. It is a migratory shorebird that breeds in Russian Arctic centered on the coast of Chukotka Peninsula and winters 5,000 miles away in the intertidal mudflats of Asia: mainly in Myanmar, Bangladesh, Thailand and China.

## চামচ-ঠুঁটো বাটান কি?

চামচ-ঠুঁটো বাটান বিশ্বের অন্যতম দুর্লভ একটি পাখি যাকে শুধুমাত্র পূর্ব এশিয়ান– অস্ট্রেলাশিয়ান উড়াল পথেই পাওয়া যায়। ২০০৮ সালে আইইউসিএন পাখিটিকে তাদের লাল তালিকায় 'মহা বিপন্ন' হিসেবে চিহ্নিত করে এবং এখনো পর্যন্ত এই পাখিটি বিশ্বব্যাপী মহা বিপন্ন অবস্থায় আছে। দৈর্ঘ্যে ১৪-১৬ সেন্টিমিটার পাখিটি প্রায় চড়ুইয়ের সমান। এই পরিযায়ী সৈকত পাখিটি রাশিয়ার তুন্দ্রা অঞ্চলের উপকূলীয় চুকটকা উপদ্বীপে প্রজনন করে এবং চামচ আকৃতির এক ব্যাতিক্রমী ঠোঁট নিয়ে জন্মায়। এরা শীতের সময় ৫,০০০ মাইল দূরে দক্ষিণপূর্ব এশিয়া ও দক্ষিণ এশিয়ায়; মূলত মায়ানমার, বাংলাদেশে, থাইল্যান্ড ও চীনের জোয়ার ভাটার কাদা-চরে চলে আসে।

### Spoon-billed Sandpiper Breeding Range & Flyways
### চামচঠুঁটো বাটানের প্রজনন এবং শীতকালীন আবাসস্থল




Spoon-billed Sandpiper on Sonadia Island | সোনাদিয়া দ্বীপে চামচঠুঁটো বাটান



Shorebird hunting in Bangladesh | বাংলাদেশে সৈকত পাখি শিকার





© Nial Moores

A dead SBS at Saemangeum, South Korea | দক্ষিণ কোরিয়াতে বাটানের মৃতদেহ

## The future is in our hands

The future of this unique birds is in our hands. None but us can help the survival of these birds by putting a definite stop to habitat destruction, hunting and offering safe migration routes and wintering grounds. If we can't assure these two components as immediate support, then the species will soon be extinct forever.

## তাদের ভবিষ্যৎ আমাদের হাতে

এই অনন্য পাখিগুলোর ভবিষ্যত আমাদেরই হাতে। কেবল আমরাই তাদের আবাস্থল সংরক্ষণ, শিকার রোধ, পরিযায়ণ পথকে আরো নিরাপদ এবং শীতকালিন আবাসের সুরক্ষা নিশ্চিত করবার মাধ্যমে পাখিগুলোকে বাঁচতে সাহায্য করতে পারি। যদি আমরা এই দুটো বিষয় খুব দ্রুততার সাথে নিশ্চিত করতে না পারি তাহলে অচিরেই এই পাখিগুলো পৃথিবী থেকে চিরতরে হারিয়ে যাবে

## What are we doing to save Spoon-billed Sandpiper from extinction?

Several international organizations joint forced to form the Spoon-billed Sandpiper Task Force and dedicatedly working to save this species from extinction by mitigating SBS hunting in Bangladesh and Myanmar by providing alternative livelihood support to local hunters, by protecting its sites in China and Thailand and by undertaking a daunting mission of collecting eggs from a few nests at breeding grounds to build up the number of birds in captivity and collect the eggs from its nests, hatch them in captivity, and release them into the wild to boost populations.

## চামচ-ঠুঁটো বাটান বিলুপ্তির হাত থেকে রক্ষার জন্য আমরা কি করছি?

চামচ-ঠুঁটো বাটানকে বিলুপ্তির হাত থেকে রক্ষা করার জন্য বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনসমূহ সম্মিলিতভাবে টাস্কফোর্স গঠন করেছে এবং তাদের সুরক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যেমন পাখিটির শিকার রোধে বাংলাদেশ ও মায়ানমারের পাখি শিকারিদে জন্য বিকল্প জীবিকা ও কর্মসংস্থানের ব্যাবস্থা করা, চীন এবং থাইল্যান্ডে তাদের আবাস্থল রক্ষা করা এবং এদের সংখ্যা বৃদ্ধির সুদুর প্রসারী লক্ষ্যে প্রজনন ভূমিতে কিছু বাসা থেকে ডিম সংগ্রহ করে কৃত্রিম পরিবেশে ডিম ফুটিয়ে বাচ্চা পালন করে আবার প্রকৃতিতে অবমুক্ত করা ইত্যাদি পরিচালনা করছে এই টাস্কফোর্স।













১. বিকল্প পেশা হিসেবে তরমুজ চাষে উৎসাহ, বাংলাদেশ ২. সচেতনতা প্রকল্প, থাইল্যা" ৩. শিকারীদের সাথে সমঝোতা চুক্তি, মায়ানমার

(1) Watermelon as alternative income generation, Bangladesh (2) Awareness campaign, Thailand (3) Agreement with hunters, Myanmar

১. বাটানের ডিম সংগ্রহ, রাশিয়া জুন '১১ ২. ইনকিউবিটারের সাহায্যে ডিম ফুটানো, ৩. সদ্যজাত বাটানের বাচ্চা

(1) Collecting eggs from SBS nest, Russia June 2011 (2) eggs hatched in incubator, (3) SBS chick in captivityl © WWT